বাংলা বিভাগ অ্যালামনাই | রাজশাহী বিশ্ববিদ্যালয়

১১ আগস্ট ॥ ২০২৫

**কার্যনির্বাহী পরিষদ (২০২৩-২৪)র ১২তম সভার কার্যবিবরণী**

১১ আগস্ট ২০২৫ তারিখ সোমবার বেলা ০৫-০০টায় ঢাকাস্থ লিটেক্স ইন্টারন্যাশনাল লিমিটেড, বাসা ০২, সড়ক ০২, ব্লক সি, সেক্টর ১৫, উত্তরা, ঢাকায় [উত্তরা উত্তর মেট্রো স্টেশনের ৪০ নম্বর পিলারের পশ্চিম পাশে] বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কার্যনির্বাহী কমিটির বারোতম সভা অনুষ্ঠিত হয়।
বাংলা বিভাগ অ্যালামানাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সভা সভাপতি জামিল রায়হানের সভাপতিত্বে (অনলাইন গুগলমিটে যুক্ত ছিলেন) সভা অনুষ্ঠিত হয়। সাধারণ সম্পাদক ড. শহীদ ইকবাল সভা সঞ্চালনা করেন।

**সভার আলোচ্যসূচি ও সিদ্ধান্তসমূহ:**

১। **পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

**সিদ্ধান্ত :** পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ ও কার্যবিবরণী পাঠের পর সর্বসম্মতভাবে নিশ্চিত করা হয়।

২। **৫ম কার্যনির্বাহী পরিষদেও নির্বাচনের জন্য গঠনতন্ত্র অনুযায়ী নির্বাচন কমিশন গঠন।**

**সিদ্ধান্ত:** সভায় সকলের সর্বসম্মতিক্রমে একজন প্রধান নির্বাচন কমিশনার ও দুইজন নির্বাচন কমিশনার নিয়ে নির্বাচন কমিশন গঠন করা হলো:

| | |
|---|---|
| প্রধান নির্বাচন কমিশনার : | এ্যাডভোকেট এলিনা আখতার খান (জীবন সদস্য ৬৬) |
| নির্বাচন কমিশনার : | ১. প্রফেসর আবুল হাসান চৌধুরী (জীবন সদস্য ৭৫) |
| | ২. প্রফেসর ড. আব্দুল মজিদ (জীবন সদস্য ৪৪২) |

৩। **বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৫ম সম্মিলন ও দ্বি-বার্ষিক সাধারণ সভা আয়োজনের সম্ভাব্য তারিখ নির্ধারণ ও প্রস্তুতি বিষয়ে আলোচনা।**

**আলোচনা:** ২৪ ডিসেম্বর থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শীতকালীন অবকাশ শুরু হলে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস বন্ধ হয়ে যাবে এজন্য এর আগেই অনুষ্ঠান করার জন্য সবাই পরামর্শ প্রদান করেন। আব্দুল খালেক মিঠু আবাসন ব্যবস্থা ভালো হওয়া উচিত এবং অংশগ্রহণকারীর সংখ্যা যেন বাড়ে সে বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য অনুরোধ করে মত প্রকাশ করেন। মোহাম্মদ মাহবুব আলম কাস্টমাইজড উৎসবের ব্যাপারে মত প্রকাশ করেন। জামিল রায়হান উৎসব ও সম্মিলন দুটোই যেন সুন্দরভাবে হয় সে ব্যাপারে মত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত: (ক)** ৫ম সম্মিলন ও দ্বি-বার্ষিক সাধারণ সভা আয়োজনের লক্ষ্যে সকলের সম্মতিক্রমে **১৯** ও **২০** ডিসেম্বর শুক্র ও শনিবার তারিখ নির্ধারণ করা হয়। (খ) ৫ম সম্মিলন আয়োজনের জন্য বাংলা বিভাগ অ্যালামানাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাধারণ সম্পাদক ড. শহীদ ইকবালকে সম্মিলন উদ্‌যাপন কমিটির আহ্বায়কের দায়িত্ব প্রদান করা হয় এবং সম্মিলন আয়োজনের জন্য তাঁকে প্রয়োজনীয় উপ-কমিটি সমূহ গঠনের দায়িত্ব দেওয়া হয়। (গ) সম্মিলনে প্রতিবছরের ন্যায় শাড়ি, পাঞ্জাবি, ব্যাগ ও স্যুভেনির দেওয়া হবে। (ঘ) বর্তমান শিক্ষার্থীদেরও অনুষ্ঠানে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। (ঙ) অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য অ্যালামনাই সদস্য- **১**,৬০০/=, অতিথি- **১**,০০০/= (শুধুমাত্র খাবার) ও বর্তমান শিক্ষার্থী-**১**,০০০/= চাঁদা নির্ধারণ হয়। বর্তমান শিক্ষার্থীরা বিভাগের মাধ্যমে নিবন্ধন করবে এবং সদস্য ও অতিথিগণ অনলাইনে নিবন্ধন করবে। অনুষ্ঠানের অনুষ্ঠানসূচি যথাসময়ে সকলকে অবহিত করা হবে।

**৪। 'বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিল' শীর্ষক স্বতন্ত্র তহবিল গঠন ও পরিচালনা নীতিমালা প্রণয়ন বিষয়ে আলোচনা।**

**সিদ্ধান্ত:** (ক) বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী কল্যাণ তহবিল প্রবিধানমালা প্রণয়নের জন্য গঠিত উপ-কমিটি চূড়ান্তভাবে প্রণীত ও উপস্থাপিত "বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিল" প্রবিধানমালা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। (খ) প্রবিধানমালা অনুযায়ী কার্যক্রম শুরু করার জন্য অন্তর্বতীকালীন ম্যানেজিং কমিটি গঠন করা হয়। অন্তর্বতী ম্যানেজিং কমিটির চেয়ারম্যান: ব্রাইনির ইসলাম, ভাইস- চেয়ারম্যান: শহীদ ইকবাল, সদস্য সচিব: ফারজানা মেহবুব শায়লা, সহকারী সদস্য সচিব: শিমুল পারভেজ, ট্রেজারার: এস এম সাইদুল আম্বিয়াকে নির্বাচিত করা হয়। ম্যানেজিং কমিটি অনতিবিলম্বে **'বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিল' শীর্ষক** অ্যাকাউন্ট তফসিলি ব্যাংকে খোলা ও ফান্ড সংগ্রহের জন্য কাজ শুরু করবে মর্মে সভায় সিদ্ধান্ত নেয়া হয়।

**৫। বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট আধুনিকায়নের অগ্রগতি বিষয়ে আলোচনা।**

**আলোচনা:** ওয়েবসাইট নিয়ে উচ্ছ্বসিত প্রংশসা করেন সাধারণ সম্পাদক প্রফেসর ড. শহীদ ইকবাল। ওয়েবসাইট আধুনিকায়নে কাজ করায় মোহাম্মদ মাহবুব আলম ও রবিউল আলম মিঠুর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সাধারণ সম্পাদকের সাথে প্রতিষ্ঠাতা সভাপতি আপেল আবদুল্লাহ বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট আধুনিকায়নে কাজ করা কামিটির প্রশংসা করেন। সাধারণ সম্পাদক বলেন, এটি একটি চমৎকার ওয়েবসাইট। সভাপতি জামিল রায়হান ওয়েবসাইটের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। আপেল আবদুল্লাহ বলেন, গত সাড়ে নয় বছরের অ্যালামনাইয়ের ইতিহাস এখানে পূর্ণভাবে থাকবে এবং এটি একটি চলমান প্রক্রিয়া। আপেল আবদুল্লাহ বাংলা বিভাগ অ্যালামনাইয়ের ওয়েবসাইটকে বাংলাদেশ রেলওয়ে, বিভিন্ন ব্যাংক এবং আইসিটি সেক্টরের যেকোনো ওয়েবসাইটের সাথে তুলনীয় বলে মতামত দেন। বেলায়েত হোসেন বাবলু এটিকে যুগান্তকারী পদক্ষেপ বলে অভিহিত করেন।

**সিদ্ধান্ত:** (ক) প্রফেসর ড. শহীদ ইকবাল আপেল আবদুল্লাহর নেতৃত্বে ওয়েবসাইটের কাজের জন্য এর সাথে সংশ্লিষ্ট সকলের জন্য একটি ধন্যবাদ প্রস্তাব উত্থাপন করেন এবং সভায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। **(খ)** ওয়েবসাইটের ডিজাইন অনুযায়ী বাংলা বিভাগ অ্যালামনাইয়ের এযাবত প্রকাশিত ও সম্পাদিত সকল তথ্য ও সদস্য তথ্য হালনাগাদ করার জন্য জনাব রবিউল আলম মিঠু ও মোহাম্মদ মাহবুব আলমকে দায়িত্ব প্রদান করা হয়। (গ) ওয়েবসাইটে সকল সদস্য-তথ্য দ্রুত সময়ের মধ্যে হালনাগাদ করার জন্য সভায় রমেন রায়কে জোরালো পদক্ষেপ নেওয়ার আহ্বান জানানো হয় এবং সকল সদস্যকে সহযোগিতারও আহ্বান জানানো হয়।

**৬। জীবন সদস্যের আইডি কার্ড ও নতুন সদস্য সংগ্রহ সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা:** সভায় সম্মিলনের পূর্বে কমপক্ষে ১০০ জন নতুন সদস্য সংগ্রহ এবং নতুন সদস্যসহ সকল সদস্যকে আইডি কার্ড প্রদানের বিষয়ে গুরুত্বরোপ করা হয়।

**সিদ্ধান্ত:** সম্মিলনের পূর্বে কমপক্ষে ১০০ জন নতুন সদস্য সংগ্রহে কার্যনির্বাহী পরিষদের সকল সদস্যকে পূর্বের মতো কমপক্ষে ২ জন করে নতুন সদস্য সংগ্রহের দায়িত্ব দেওয়া হয়। এছাড়া নতুন সদস্যসহ সকল সদস্যের আইডি কার্ড প্রস্তুত ও সভাপতি/সাধারণ সম্পাদকের স্বাক্ষর ও বিতরণের জন্য জনাব রবিউল আলম মিঠু, মোহাম্মদ মাহবুব আলম ও শিবলী শিহাবকে দায়িত্ব প্রদান করা হয়।

সভায় আর কোনো গুরুত্বপূর্ণ আলোচনা না থাকায় অ্যালামনাই সভাপতি জামিল রায়হান সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

(শহীদ ইকবাল)
সাধারণ সম্পাদক
বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়

(জামিল রায়হান)
সভাপতি
বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়